# নৈতিকতা কমিটির সভার **কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সময় | : | দুপুর ২:০০ থেকে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত |
| তারিখ | : | ৩১/০৮/২০২২ খ্রিঃ |
| সভাপতি | : | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট |

উপস্থিতির তালিকা 'ক' তে সংযুক্ত করা হলোঃ

সভাপতি মহোদয় জুমের মাধ্যমে আগস্ট মাসে ২০২২ কেন্দ্রীয় দপ্তরে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় আলোচিত বিভিন্ন বিষয়সমূহ সভাকে অবহিত করেন এবং কতিপয় বিষয়ে ব্যাখ্যা করেন যার মধ্যে উল্লেখযোগ্য ছিল জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১ম কোয়ার্টার বিভিন্ন কার্যক্রমসমূহ। সভাপতি সভাকে জানান যে, চলতি অর্থবৎসরে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় শুদ্ধাচার সংক্রান্ত ০২ (দুই) টি প্রশিক্ষণ আয়োজন করার পরিকল্পনা রয়েছে যা যথাক্রমে ডিসেম্বর ২০২২ এবং মে ২০২৩ এ অনুষ্ঠিত হবে। তিনি জানান, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা সেপ্টেম্বর ২০২২ এ অনুষ্ঠিত হবে। তিনি আরো জানান যে, সরকারি ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার নিশ্চিত করতে সিলেট আঞ্চলিক অফিসের বার্ষিক ক্রয় পরিকল্পনা ৩১/০৭/২০২২ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তিনি কর্মপরিকল্পনা অনুসারে অন্যান্য কার্যক্রম চলমান আছে বলে সভাকে জানান। সভায় অন্যান্য আলোচনার পর সর্বসম্মতিতে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

১। শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুসারে সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed 31/08/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোনঃ ০২৯৯-৬৬৩৬৬৩৩

সংযুক্ত-ক

## ৩১/০৮/২০২২ ইং তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

| ক্র: নং: | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব শাহীন আহম্মেদ | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি | Shaheen Ahmed 31/08/2022 |
| ২ | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | [illegible] |
| ৩ | জনাব মো: নূরুজ্জামান ভূইয়া | রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি | [illegible] 31/08/2022 |
| ৪ | জনাব মো: রুবেল হোসেন | সার্ভেয়ার | [illegible] ৩১/০৮/2022 |
| ৫ | জনাব আমির হামজা | খালাসী | আমির |